

শোক বার্তা

নং-২০২১/১/১৯-১

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাবেক যুগ্মপ্রধান ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক মোঃ লিয়াকত আলীর মৃত্যুতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শোক

ঢাকা, ১৯ জানুয়ারি ২০২১ (মঙ্গলবার)


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাবেক যুগ্মপ্রধান ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক এবং সরকারের যুগ্মসচিব মোঃ লিয়াকত আলীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি, মৎস্য ও প্রাণিসম্পদ সচিব রওনক মাহমুদ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী।

তারা মরহমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শোক প্রকাশ করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী বলেন, “মোঃ লিয়াকত আলী ছিলেন একজন দক্ষ ও কর্তব্যপরায়ণ কর্মকর্তা। তাঁর মতো মেধাবী কর্মকর্তার মৃত্যু দেশের জন্য অপূরণীয় ক্ষতি।”

শোক প্রকাশ করে মৎস্য ও প্রাণিসম্পদ সচিব বলেন, “অর্পিত দায়িত্ব পালনে মোঃ লিয়াকত আলী ছিলেন সদা সচেত্ব। বাংলাদেশ সিভিল সার্ভিসে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।”

উল্লেখ্য, জনাব মোঃ লিয়াকত আলী কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে গতকাল ১৮ জানুয়ারি ২০২১ রাত ৯টায় কেন্দ্রীয় পুলিশ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৫ বছর। তিনি স্ত্রী, তিন সন্তান ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।


মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০